BRNL

**BRNL/CS/2021-22/21**
**7th September, 2021**

**BSE Limited**
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street, Mumbai - 400 001
**(BSE Scrip Code: 540700)**

**National Stock Exchange of India Limited**
Exchange Plaza, 5th Floor, Plot no. C/1,
G Block, Bandra-Kurla Complex,
Bandra (E), Mumbai - 400 051
**(NSE Symbol: BRNL)**

**Ref: 14th Annual General Meeting (AGM) – September 29, 2021**

**Sub: Submission of copies of Newspaper advertisement pursuant to Regulation 30 & 47 of the SEBI (LODR) Regulations, 2015**

Dear Sir,

Pursuant to Regulation 30 & 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith copies of notice published in newspapers viz., 'Mint' (English) and 'Aajkaal' (Bengali) on September 06, 2021.

This is for your information and record.

Yours faithfully,

For Bharat Road Network Limited

Naresh Mathur
Company Secretary
FCS 4796

Bharat Road Network Ltd. Kolkata

Bharat Road Network Limited
CIN: L45203WB2006PLC112235
Registered Office: Plot No. X1 – 2 & 3, Ground Floor, Block – EP, Sector – V, Salt Lake City, Kolkata – 700 091
Tel.: +91 33 6602 3609 Email: corporate@brnl.in
Website: www.brnl.in

# Sexual harassment cases at offices decline in FY21

## Complaints pending resolution, however, increased 5% due to lockdown

Nasrin Sultana
nasrin.s@livemint.com
MUMBAI

Sexual harassment cases at workplaces in India's largest companies fell sharply in the last financial year as these organizations shifted to remote and hybrid work models following the coronavirus outbreak.

The total number of sexual harassment complaints at workplaces in 44 Nifty companies fell 38.26% in FY21, showed data analysed by anti-sexual harassment advisory complykaro.com from company annual reports. These companies received a total of 455 complaints of sexual harassment in the year ended 31 March, compared with 737 and 739 in FY20 and FY19 respectively.


Gradual implementation of prevention of sexual harassment at the workplace (PoSH) measures were resumed via online e-module trainings and webinars, said Vishal Kedia, PoSH expert and founder, Complykaro Services.

"Urge to interact with people other than family members results in some people going overboard and violating personal space in their interaction with colleagues over digital platforms leading to PoSH complaints. There were repeated instances of employees calling up women colleagues at odd hours without justification and indulging in conversations of personal nature," Kedia said. "Another challenge that arose because of the work-from-home system, was the delay in redressing PoSH complaints and conducting and documenting PoSH inquiries over digital platforms."

The Sexual Harassment of Women at Workplace (Prevention, Prohibition and Redressal) Act, 2013, mandates listed companies to annually report the number of sexual harassment cases and the steps taken for redressal.

### Drastic decline

The total number of sexual harassment complaints at workplaces fell 38.26% in FY21, with HDFC Bank receiving the most complaints.




*includes 44 Nifty 50 companies

Source: Complykaro, annual reports

The data analysis showed that no company received more than 50 complaints in FY21, while five companies received 50 or more complaints in FY20. Six companies did not report any case of sexual harassment for the sixth consecutive year. These are Adani Ports and Special Economic Zone, Bajaj Finserv, Coal India, Reliance Industries, UPL and Shree Cement.

The data also showed that private firms reported more incidents of sexual harassment at workplaces than government-owned ones during FY21.

However, sexual harassment complaints pending resolution at the end of FY21 rose 5%, indicating challenges being faced by internal complaint committees (ICCs) of organizations in timely redressal of such complaints during the lockdown.

Among firms, HDFC Bank received the most complaints at 47 in FY21, though this was 10% lower than the previous year. This was followed by State Bank of India with 45 cases. Wipro showed the maximum reduction of complaints compared to earlier years, recording a 65% decline to 43 in FY21 from 125 in FY20. Other Nifty companies, which saw a high number of cases are Axis Bank (39), HDFC Life Insurance (39), ICICI Bank (33), Tech Mahindra (30), Tata Consultancy Services(27), Kotak Mahindra Bank (25), and Tata Steel (21).

A major challenge in a virtual workplace was to ensure confidentiality and put in place appropriate data and security measures while conducting virtual investigations, a spokesperson for Wipro said.

### WORKPLACE IMPROPRIETY

**NO** firm received over 50 complaints in FY21, while 5 received 50 or more complaints in FY20

**SIX** companies did not report any case of sexual harassment for the sixth consecutive year

**PVT** firms reported more incidents of sexual harassment at workplaces than govt-owned ones

# NARCL to fix a fee to manage bad assets

Shayan Ghosh
shayan.g@livemint.com
MUMBAI



The National Asset Reconstruction Co. Ltd has met the minimum capital criteria of ₹100 crore as per RBI rules. MINT

The management of India's bad bank is discussing the modalities of how much lenders would have to cough up as yearly fee in exchange for managing their toxic assets, a person aware of the development said.

"We are in the process of finalizing the management fee. The fee will depend on the quantum of guarantee the National Asset Reconstruction Co. Ltd (NARCL) gets from the government. Depending upon the value of the guarantee, a guarantee fee would have to be paid to the government," said the person cited above.

Lenders sell stressed loans to asset reconstruction companies (ARCs) at a discount, either in exchange for cash or a mix of cash and security receipts. These receipts are redeemable as and when the ARC recovers the specific loan. That apart, ARCs charge an asset management fee of 1.5-2% of the asset every year.

News agency *PTI* reported on 29 June that the Indian Banks' Association (IBA), entrusted with the task of setting up the bad bank, has pegged the government guarantee at around ₹31,000 crore. The idea is that NARCL would buy bad loans at 15% cash and the remaining 85% would be in security receipts guaranteed by the government.

The person added that the company now has met the minimum capital criteria of ₹100 crore as per rules of the Reserve Bank of India (RBI).

According to an earlier equity subscription statement dated 4 August, NARCL had received ₹74.6 crore from a set of eight public sector banks—Canara Bank, State Bank of India (SBI), Union Bank of India, Bank of Baroda (BoB), Punjab National Bank (PNB), Bank of India (BoI), Bank of Maharashtra and Indian Bank.

"Since then, we have been able to add more capital from lenders. There are more banks, both public and private, which are in the process of obtaining internal approvals," said the person.

In April 2017, the regulator mandated ARCs to have minimum net owned funds of ₹100 crore by 31 March 2019. RBI had said that the guideline was keeping in view the greater role envisaged for ARCs in resolving stressed assets.

An email sent to the IBA remained unanswered till press time.

Set up on 7 July, the NARCL is meant to be the panacea for India's burgeoning bad debt menace. Banks will initially transfer 22 bad loan accounts of ₹89,000 crore to the NARCL.

The aggregate amount of bad loans likely to be transferred in tranches will be ₹2 trillion.

Meanwhile, lenders have started looking for buyers for their stakes in ARCs to free up capital for NARCL. In February, PNB put its entire 10.01% stake in Arcil, one of India's oldest ARCs with assets worth ₹12,000 crore under management, for sale.

This was followed by private lender IDBI Bank, which too has begun looking for a buyer to sell its 19.18% stake in Arcil.

# Carlyle to raise $1 bn debt to acquire Hexaware

Swaraj Singh Dhanjal
swaraj.d@livemint.com
MUMBAI

The Carlyle Group has reached an agreement with a group of banks to raise over $1 billion to support its planned acquisition of Mumbai-based Hexaware Technologies, three people aware of the discussions said.

Carlyle has emerged as the preferred bidder for Baring Private Equity Asia owned IT services firm Hexaware for a $3 billion acquisition, *Reuters* reported last week. If successful, it would be winning a competitive bidding process against peers including KKR & Co. and Bain Capital, as well as French company Teleperformance SE for Hexaware, the agency added.

"Carlyle is raising at least $1 billion debt for this acquisition from a clutch of international banks including Nomura, HSBC, Goldman Sachs, Barclays as well as others such as BNP Paribas, Deutsche Bank and Standard Chartered," one of the three people cited above said on condition of anonymity, as he is not authorized to speak with the media.

**Carlyle has emerged as the preferred bidder for IT services firm Hexaware for a $3 billion acquisition**

The so-called leveraged buyout (LBO) financing will be among the biggest such debt deals stitched up by a private equity firm to acquire an Indian company. In July, Blackstone, the biggest alternative investment manager globally, had resorted to a similar sized LBO facility to fund the acquisition of IT services firm Mphasis Ltd.

Private equity firms frequently use debt to make buyout acquisitions, as it helps the PE firms make larger acquisitions as well as improve their returns.

According to the second person cited above, the debt facility is likely to be structured as a one-year bridge loan, which will be later taken out by an international bond offering.

Such bridge loans are availed of by PE firms from investment banks to acquire a company.

After the acquisition, the company issues high-yield corporate bonds backed by its cash flows that will be used to repay the bridge loan.

Carlyle declined to comment on the development.

Baring had acquired a majority stake in Hexaware in 2013 from its founder Atul Nishar and private equity firm General Atlantic.

**BRNL**
Behtar Raaste Badhta Bharat

**BHARAT ROAD NETWORK LIMITED**
**CIN:** L45203WB2006PLC112235
**Registered Office** : Plot No. X1 – 2 & 3, Ground Floor, Block - EP, Sector - V, Salt Lake City, Kolkata - 700 091
**Tel No.** : 033 - 6602 3609, **Website** : www.brnl.in, **Email** : cs@brnl.in

**NOTICE FOR THE 14TH ANNUAL GENERAL MEETING AND E-VOTING INFORMATION**

**(A) Annual General Meeting**

**NOTICE** is hereby given that the 14th Annual General Meeting **("AGM")** of the Company is scheduled to be held on **Wednesday, September 29, 2021 at 2:00 p.m.** through Video Conferencing **("VC")** / Other Audio-Visual Means **("OAVM")** in compliance with all the applicable provisions of the Companies Act, 2013 and the Rules made thereunder and the Securities and Exchange Board of India **("SEBI")** (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, read with relevant circulars issued by the Ministry of Corporate Affairs **("MCA")** and SEBI to transact the business set out in the Notice calling the 14th AGM. Member's participation at the AGM and voting through the VC / OAVM facility shall be reckoned for the purpose of quorum under section 103 of the Companies Act, 2013.

In compliance with the regulatory requirements, the Notice of the 14th AGM and the Annual Report for the FY 2020-21 have been sent on 4th September, 2021 to the Members of the Company whose email addresses are registered with the Company's Registrar and Share Transfer Agent / Depository Participant(s). The aforesaid documents are also available on the Company's website at www.brnl.in and on the website of the Stock Exchanges, i.e., BSE Limited and National Stock Exchange of India Limited at www.bseindia.com and www.nseindia.com, respectively, and on the website of Company's Registrar and Transfer Agent, KFin Technologies Private Limited ("KFintech"), at https://evoting.kfintech.com.

All relevant documents referred to in the Notice of the AGM and Statement pursuant to Section 102 of the Companies Act, 2013 are available electronically for inspection without any fee by the members from the date of circulation of the AGM Notice up to the date of AGM. Members seeking to inspect such documents can send an email to cs@brnl.in.

**(B) Instruction for e-voting:**

In compliance with the provisions of Section 108 of the Companies Act, 2013, read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014, provision of Regulation 44 of SEBI Listing Regulations, 2015 and in terms of SEBI circular dated December 9, 2020 on "e-voting facility provided by Listed Companies", the Members will have the opportunity to cast their votes remotely on the businesses as set forth in the Notice of the AGM through remote e-voting system. Facility for voting through electronic voting system will also be made available at AGM (Insta Poll) through the voting services provided by KFintech.

In terms of SEBI circular dated December 9, 2020 on "e-voting facility provided by Listed Companies", Individual shareholders holding securities in demat mode are allowed to vote, by way of single login credential, through their demat account maintained with Depository Participants / websites of Depositories in order to increase the efficiency of the voting process. Shareholders are advised to update their mobile number and email id in their demat accounts in order to access e-Voting facility. The procedure to login and access remote e-voting facility is given under the Notes to Notice of AGM.

Individual shareholders holding shares in physical form and non-individual shareholders will be able to participate in remote e-voting as per instructions given under the Notes to Notice of AGM.

The login credentials for remote e-voting should be used for attending the AGM through VC / OAVM.

The remote e-voting facility will be available during the following voting period:

**Commencement of remote e-voting:** Saturday, 25th September, 2021 at 9:00 A.M.

**End of remote e-voting:** Tuesday, 28th September, 2021, at 5:00 P.M.

The remote e-voting will not be allowed beyond the aforesaid date and time and the remote e-voting module shall be forthwith disabled by KFintech upon expiry of the aforesaid period.

A person, whose name is recorded in the Register of Members or in the Register of Beneficial Owners maintained by the depositories, as on the cut-off date, only shall be entitled to avail the facility of remote e-voting as well as voting at the 14th AGM. A person who is not a Member as on the cut-off date should treat this Notice for information purposes only.

In case a person has become a Member of the Company after dispatch of AGM Notice but on or before the cut-off date, i.e. 22nd September, 2021, he/she may obtain the User ID and Password in the manner as mentioned below:

i). If the mobile number of the Member is registered against folio no. / DP ID Client ID, the Member may send SMS: MYEPWD <space> E-Voting Event Number + DP ID Client ID to 9212993399
Example for NSDL: MYEPWD <SPACE> IN12345612345678
Example for CDSL: MYEPWD <SPACE> 1402345612345678
Example for Physical: MYEPWD <SPACE> XXXX1234567890

ii). If e-mail address or mobile number of the Member is not registered against Folio No. / DP ID Client ID, then on the home page of https://evoting.karvy.com, the Member may click "Forgot Password" and enter Folio No. or DP ID Client ID and PAN to generate a password.

iii). Member may call at KFintech's Toll Free number 1800-3454-001.

iv). Member may send an e-mail request to evoting@kfintech.com. However, Kfintech shall endeavour to send User ID and Password to those new Members whose e-mail IDs are available.

**(C) Manner of registering / updating email addresses**


Members holding shares in physical mode and who have not registered/updated their email IDs, are requested to register/update the same by sending duly signed request letter mentioning their Folio no. and the email id that is to be registered, to the Company's email id cs@brnl.in and/or to KFintech's email id einward.ris@kfintech.com. Members holding shares in dematerialized mode are requested to register/update their email with the depository participant(s) with whom they maintain their demat accounts.

In case of any query and/or grievance, in respect of voting by electronic means, Members may refer to the Help & Frequently Asked Questions (FAQs) and E-voting user manual available at the download section of https://evoting.kfintech.com or contact Mr. Mohd Mohsin Uddin - Senior Manager (Unit: Bharat Road Network Limited) of KFin Technologies Private Limited, Selenium Tower B, Plot 31-32, Gachibowli, Financial District, Nanakramguda, Hyderabad - 500 032 or at evoting@kfintech.com or at Toll Free No. 1-800-309-4001, for any further clarifications.

**For Bharat Road Network Limited**
**sd/-**
**Naresh Mathur**
**Company Secretary**
**FCS : 4796**

Place : Kolkata
Dated : 4th September, 2021

YOUR MORNING NEWSPAPER JUST BECAME YOUR ALL DAY COMPANION.




Scan the QR code and enjoy full access to everything that there is on livemint.com. **For 30 whole days.**

- 30 day subscription to livemint.com
- The best of Wall Street Journal
- Download E-paper
- Seamless access across any device
- News in video format
- Save and share favourite articles
- Articles and podcasts on the go
- Articles by celebrated columnists

Please contact your vendor for new pricing details.

Scan code to claim your 30-day free access to livemint.com

mint Think Ahead. Think Growth.

Follow us
mint.live livemint live_mint livemint www.livemint.com

## আরও খবর

### বাবার কথায় বিপাকে বাঘেল

‘ব্রাহ্মণ তাড়াও’–এর ডাক দিয়ে ৮৬ বছরের নন্দকুমার বাঘেল নিজে যেমন আইনি বিপাকে জড়িয়েছেন, তেমনই তাঁর রাজনীতিক পুত্রকেও চরম অস্বস্তিতে ফেলে দিয়েছেন। ছত্তিশগড়ের কংগ্রেসি মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেলের বাবা নন্দকুমার। মুখ্যমন্ত্রী বাঘেল বলেছেন, তিনি বাবার মন্তব্যে অত্যন্ত ব্যথিত। তবে রাজধর্ম পালনে দ্বিধা করবেন না। নন্দকুমারের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধি প্রয়োগ করে ছত্তিশগড় পুলিশ একটি মামলা রুজু করেছে। মুখ্যমন্ত্রী–ছেলে জানিয়েছেন, আইন আইনের পথেই চলবে।

### সূচ ছাড়াই

সূচ ছাড়াই ইঞ্জেকশন। সূচ ছাড়াই শরীরে ঢুকবে টিকা। জাইডাস ক্যাডিলার কোভিডের টিকা জাইকোভ–ডি আর ফার্মাজেট নিয়ে বাড়ছে কৌতূহল। চামড়ার ঠিক নিচে ফ্যাটি টিস্যু বা সাবকিউটেনাস স্তর পেরিয়ে দ্রুত ঢুকে যাবে ইন্ট্রামাস্কুলার অংশে। সূচ না থাকায় টেরই পাওয়া যাবে না। টিকা দেওয়ার পর এক মিনিট তুলো দিয়ে চেপে রাখতে হবে জায়গাটা। জাইকোভ–ডি প্রথম ডিএনএ ভ্যাকসিন যা আপৎকালীন ব্যবহারের ছাড়পত্র পেয়েছে ভারতে। ১২ বছরের ওপরের শিশুদেরও এই ভ্যাকসিন দেওয়া হবে।

### যোগ বিরতি

লাঞ্চ বা টি ব্রেক আছেই। এবার কাজের ফাঁকে সরকারি কর্মীরা পাবেন ৫ মিনিটের ‘যোগ ব্রেক’। সেজন্য আয়ুষ মন্ত্রকের একটি অ্যাপ ডাউনলোড করতে হবে কর্মীদের। বিরতিতে তাঁরা আসন, প্রাণায়াম ও ধ্যানের অভ্যাস করবেন। সমস্ত মন্ত্রককে এই অ্যাপের প্রচার করতে হবে বলে নির্দেশিকা পাঠিয়েছে কেন্দ্রীয় কর্মিবর্গ ও প্রশিক্ষণ দপ্তর।

### আইসিস হামলা

এবার ইরাকে হামলা আইসিস জঙ্গিদের। শনিবার গভীর রাতের এই হামলায় ১৩ জন পুলিশকর্মীর মৃত্যু হয়েছে। উত্তর ইরাকের কিরকুকের কাছে একটি চেকপয়েন্টে আচমকা হামলা চালায় জঙ্গিরা। একে সাম্প্রতিক সময়ের মধ্যে অন্যতম বড় জঙ্গি হামলা বলে মনে করা হচ্ছে। কেবল তালিবানই নয়, কাবুলে প্রবেশ করেছে ইসলামিক স্টেট, আল–কায়দা, জইশ–ই–মহম্মদ ও লস্কর–ই–তইবার জঙ্গিরাও।

### চোরে পুলিশে

চোরাই মাল বিক্রি করে লাখপতি। গ্রেপ্তার মহিলা পুলিশ কনস্টেবল। মহারাষ্ট্রের পালঘর জেলার বাসাই থানার কনস্টেবল মঙ্গল গাইকোয়াড়ের কীর্তি। গত ৬ বছর ধরে তিনি এভাবে মোটা টাকা উপার্জন করছিলেন। চুরি যাওয়া যে সব জিনিস পুলিশের হাতে আসত, সেগুলোই চুরি করে বেচে দিতেন মঙ্গল। এভাবে অন্তত ২৬ লক্ষ টাকা কামিয়েছেন তিনি। ধরা পড়ে এখন শ্রীঘরে।

### পেট্রোল বেচে

পেট্রোল–ডিজেলের দাম বাড়ায় বিপুল আয় বাড়ল কেন্দ্রের। সরকারের রাজস্ব সংগ্রহ চলতি অর্থবর্ষের প্রথম চার মাসেই ৪৮ শতাংশ বেড়েছে। যার বেশিরভাগটাই এসেছে পেট্রোল ও ডিজেলের জন্য। গত অর্থবর্ষের প্রথম চার মাসে যাবতীয় পেট্রোপণ্যের ওপর বসানো আবগারি শুল্ক থেকে কেন্দ্রীয় সরকারের রাজস্ব সংগ্রহের পরিমাণ ছিল ৬৭,৮৯৫ কোটি টাকা। চলতি অর্থবর্ষের প্রথম চার মাসে তা বেড়ে হয়েছে ১ লক্ষ কোটি টাকা।

### বিলুপ্তির আশঙ্কা

শিগগিরই পৃথিবী থেকেই বিলুপ্ত হয়ে যেতে পারে হাঙর। আশঙ্কা ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর দ্য কনজারভেশন অফ নেচারের। সমীক্ষায় জানা গেছে, হাঙরের ৩৭ শতাংশ প্রজাতি লুপ্ত হওয়ার পথে। এর দুটো কারণ। প্রথমত, যথেচ্ছ মাত্রায় হাঙর শিকার। দ্বিতীয় কারণ জলবায়ুর পরিবর্তন ও হাঙরের বিচরণ ক্ষেত্রের পরিমাণ কমে যাওয়া। বিপন্ন কোমোডো ড্রাগনও।

### মহার্ঘ ওষুধ

১০ থেকে ১২ শতাংশ পর্যন্ত দাম বাড়তে পারে ১৬টি জরুরি ওষুধের। কেন্দ্র সরকার করোনাকালে জরুরি ওষুধের তালিকায় পরিবর্তন করেছে। অতি আবশ্যক ওষুধের সূচিতেও বদল করা হয়েছে। নতুন ৩৯টি ওষুধকে এই তালিকায় আনা হয়েছে। ১৬টি ওষুধ তালিকায় থেকে বাদ পড়েছে। বাদ পড়া ওষুধগুলিরই বাড়তে পারে দাম। এগুলির অধিকাংশই অ্যান্টিবায়োটিক।



কিসান মহাপঞ্চায়েতে মানুষের ঢল। উত্তরপ্রদেশের মুজফ্ফরনগরে। রবিবার। ছবি: পিটিআই

# যোগীর বিরুদ্ধে ভোটের প্রচারে ঝাঁপাবেন কৃষকরা

**বীরেন ভট্টাচার্য**

দিল্লি, ৫ সেপ্টেম্বর

উত্তরপ্রদেশের মুজফ্ফরনগরে কৃষকদের মহাপঞ্চায়েতে মানুষের ঢল নামল। ১০ লক্ষেরও বেশি মানুষের সমাগমে গোটা মুজফ্ফনগরে শহরই পরিণত হয় ময়দানে। যোগী আদিত্যনাথের ঘাঁটিতে গিয়ে কৃষকদের মহাপঞ্চায়েতে দাঁড়িয়ে আগামী বিধানসভা নির্বাচনে বিজেপি–কে ক্ষমতাচ্যুত করার ডাক দিলেন কৃষক নেতারা। রাকেশ টিকায়েত, হান্নান মোল্লা, যোগেন্দ্র যাদবের মতো কৃষক নেতারা উপস্থিত ছিলেন এই মহাপঞ্চায়েতে। আজকের এই মহাপঞ্চায়েত থেকেই কৃষি আইন বাতিলের দাবিতে আন্দোলন আরও জোরদার করার শপথ নিলেন কৃষকেরা।

কৃষকদের বিশাল সমাবেশ দেখে উচ্ছ্বসিত কৃষক নেতা রাকেশ টিকায়েত। তিনি বলেন, ‘এর থেকে যদি সরকার কিছু বুঝে থাকে, তাহলে ভাল। সারা দেশে এরকম আরও সমাবেশ করা হবে। দেশকে বিক্রির হাত থেকে বাঁচাতে হবে। কৃষক, শ্রমিক, যুবাদের বাঁচতে দিতে হবে। আগামী বিধানসভা নির্বাচনে বিজেপি–কে ক্ষমতাচ্যুত করতে উত্তরপ্রদেশের সমস্ত জেলাতেই এই ধরনের সমাবেশ করা হবে বলে ঘোষণা করা হয়। এমনকী, জেলা সদরের পাশাপাশি প্রতিটি গ্রামে গিয়েও বিজেপি–কে ভোট না দেওয়ার আহ্বান জানাবেন কৃষক নেতারা। আগামী ২৭ সেপ্টেম্বর ভারত বন্‌ধের ডাক দিয়েছে কৃষক সংগঠনগুলি।

কৃষকদের মহাপঞ্চায়েতকে সমর্থন জানিয়েছে কংগ্রেস, সিপিএম। কংগ্রেসের তরফে সকাল থেকেই একের পর ট্যুইট করে কৃষকদের সমর্থনবার্তা দেওয়া হয়েছে। উত্তরপ্রদেশে কংগ্রেসের দায়িত্বে থাকা এআইসিসি–র সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী টুইটারে লেখেন, ‘কৃষকেরা দেশের আওয়াজ। কৃষকেরা দেশের গর্ব। কৃষকদের আওয়াজের সামনে কোনও ক্ষমতার দম্ভ চলে না। কৃষি এবং তাঁদের কঠোর পরিশ্রমের অধিকার রক্ষা করতে সমস্ত দেশ কৃষকদের সঙ্গে রয়েছে।’ সিপিএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি বলেছেন, ‘এর আগে স্বাধীন ভারত কখনও দশ মাস দীর্ঘ এমন আন্দোলন দেখেনি। মোদি সরকারকে অবশ্যই কৃষি আইন প্রত্যাহার করতে হবে এবং ন্যূনতম সহায়কমূল্যকে আইনি স্বীকৃতি দিতে হবে। আমাদের সবার খাদ্যের জোগান দেওয়া, আমাদের অন্নদাতাদের সঙ্গে আলোচনা করতে হবে।’

তবে এরই মধ্যে কৃষকদের আন্দোলনকে সমর্থন জানিয়ে ট্যুইট করে বিজেপি–র অস্বস্তি বাড়িয়েছেন বিজেপি সাংসদ বরুণ গান্ধী। টুইটারে তিনি লেখেন, ‘আজ মুজফ্ফরনগরের বিক্ষোভে শামিল লক্ষাধিক কৃষক। তাঁরা আমাদেরই মতো রক্ত–মাংসের মানুষ। সম্মানজনকভাবে তাঁদের সঙ্গে আমাদের আলোচনা শুরু করতে হবে। তাঁদের যন্ত্রণা বুঝতে হবে, তাঁদের দৃষ্টিভঙ্গি বুঝতে হবে এবং সাধারণ বিষয়গুলি নিয়ে তাঁদের সঙ্গে কাজ করতে হবে।’

মুজফ্ফরনগরে সমাবেশ হলেও, পশ্চিম উত্তরপ্রদেশের অন্য জেলাগুলি থেকেও বহু মানুষ যোগ দিয়েছিলেন এদিনের কিসান মহাপঞ্চায়েতে। হাপুর, বুলন্দশহর, আলিগড় থেকে প্রচুর সংখ্যক কৃষক এসেছিলেন এদিনের মহাপঞ্চায়েতে। এতবড় সমাবেশ এর আগে দেখা যায়নি বলে জানিয়েছেন কৃষক নেতারা। মুজফ্ফরনগরের সমাবেশ থেকে হরিয়ানায় পুলিশের আঘাতে মৃত কৃষক নেতা সুশীল কাজলের মৃত্যুর ঘটনার প্রতিবাদ জানানো হয়। হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে নয়, পুলিশি অত্যাচারেই সুশীল কাজলের মৃত্যু হয়েছে বলে দাবি কৃষক নেতাদের।

### সঙ্ঘ মুখপত্রে নিবন্ধ


# ইনফোসিসও দেশবিরোধী!

**সংবাদ সংস্থা**

দিল্লি, ৫ সেপ্টেম্বর

আরএসএর–এর মুখপত্র পাঞ্চজন্য–এ প্রকাশিত নিবন্ধ। তাতে দেশবিরোধী ষড়যন্ত্রের সন্দেহের তীরে বিদ্ধ ইনফোসিস। অথচ প্রকাশিত নিবন্ধের সঙ্গে একমত নয় আরএসএস–ই। টুইটে জানিয়েছেন সঙ্ঘের মুখপাত্র সুনীল আম্বেকার নিজেই। তাহলে নেতৃত্বের অজান্তে কীভাবে ইনফোসিসের মতো সংস্থাকে দোষারোপ করে প্রকাশিত হল পাঞ্চজন্যে? এপ্রশ্নের উত্তর দেননি সঙ্ঘ নেতারা। ইদানীং কোনওরকম সমস্যা বা মতবিরোধ হলেই যাকে–তাকে দেশবিরোধী বলে দাগিয়ে দেওয়াটাই সঙ্ঘের আদত হয়ে দাঁড়িয়েছে। এবার দেখা গেল, তা থেকে রেহাই পেল না ইনফোসিসও।

সঙ্ঘের মুখপত্র পাঞ্চজন্যের সর্বশেষ সংখ্যায় প্রকাশিত হয়েছে ইনফোসিস সম্পর্কে চার পৃষ্ঠার কভার স্টোরি। তাতেই প্রশ্ন তোলা হয়েছে, এই সংস্থার মাধ্যমে দেশবিরোধী শক্তি ভারতের অর্থনৈতিক স্বার্থে ঘা দিতে চাইছে কিনা। এবিষয়ে সঙ্ঘের মুখপাত্র আম্বেকারের সাফাই, ‘দেশের প্রগতিতে ইনফোসিসের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ইনফোসিসের পরিচালনাধীন পোর্টালে কিছু সমস্যা থাকতে পারে। কিন্তু এ প্রসঙ্গে পাঞ্চজন্যে যে নিবন্ধ প্রকাশিত হয়েছে তা পাঞ্চজন্যের মতো নয়। ওই নিবন্ধের দৃষ্টিভঙ্গির সঙ্গে আরএসএস–কে মিলিয়ে ফেলা ঠিক হবে না।’ গত মাসেই ইনফোসিস সিইও সলিল পারেখের সঙ্গে বৈঠক করেন নির্মলা সীতারামন। ইনফোসিসের তৈরি আয়কর পোর্টালে ক্রমাগত সমস্যা দেখা দেওয়ায় ক্ষোভ প্রকাশ করেন তিনি এবং ১৫ সেপ্টেম্বরের মধ্যে সব ত্রুটি সারানোর কথা বলেন। একবার পর পর দু’দিন বন্ধ ছিল গুরুত্বপূর্ণ ওই পোর্টাল। পোর্টাল চালুর পর আড়াই মাসে বার বার সমস্যা হওয়ায় সরকার ও করদাতাদের উদ্বেগের কথাও জানান নির্মলা। ইনফোসিসের কাছে ব্যাখ্যাও দাবি করেন। এরপরেই পাঞ্চজন্যের নিবন্ধে প্রশ্ন তোলা হয় ইনফোসিসের মাধ্যমে দেশবিরোধী শক্তি দেশের অর্থনৈতিক স্বার্থে ঘা দিতে চাইছে কিনা। অভিযোগের সপক্ষে প্রমাণ না দিলেও নিবন্ধকারের দাবি, অতীতে ইনফোসিসের বিরুদ্ধে নকশালপন্থী, বামপন্থী এবং টুকড়ে টুকড়ে গ্যাংকে মদতে দেওয়ার অভিযোগ উঠেছে।



# ছবি দেখাতে দেব না: জাভেদকে হুমকি বিজেপি বিধায়কের

**সংবাদ সংস্থা**

মুম্বই, ৫ সেপ্টেম্বর

আরএসএস–এর সঙ্গে তালিবানের তুলনা টেনেছিলেন বিশিষ্ট কবি ও গীতিকার জাভেদ আখতার। শনিবার সেই তালিবানি কায়দাতেই জাভেদকে হুমকি দিলেন মহারাষ্ট্রের বিজেপি বিধায়ক রাম কদম। তাঁর ফতোয়া, যদি জাভেদ আখতার তাঁর বক্তব্যের জন্য আরএসএস–এর কাছে ক্ষমা না চান, তবে এদেশে তাঁর কোনও সিনেমাই দেখাতে দেওয়া হবে না। আরএসএস যে তালিবানের মতোই বিরোধী মতপ্রকাশের অধিকার মানে না, বরং বিরোধীদের কণ্ঠরোধে বিশ্বাস করে, হুমকি দিয়ে সেটাই প্রমাণ করলেন রাম কদম।

রাম কদমের টুইট, জাভেদ আখতারের মন্তব্য সঙ্ঘ, হিন্দু পরিষদ ও তাদের কোটি কোটি অনুরাগীর কাছে দুঃখের এবং চরম অপমানের।’ পাশাপাশি হুমকির সুরে তিনি বলেন, তাঁর মনে রাখা দরকার ছিল যে আরএসএস মতাদর্শে বিশ্বাসী লোকজনই এখন সরকার চালাচ্ছেন। রাজধর্ম পালন করছেন। আরএসএস যদি তালিবান হত, তাহলে জাভেদ আখতার কি এ ধরনের মন্তব্য করার সুযোগ পেতেন? অতএব জাভেদকে হাতজোড় করে ক্ষমা চাইতে হবে।

জাভেদ আখতার বলেছিলেন, গোটা পৃথিবীতেই দক্ষিণপন্থীরা একই সুরে কথা বলেন। তালিবান যেমন ইসলামিক রাষ্ট্র চায়, আমাদের দেশেও অনেকে হিন্দু রাষ্ট্র চায়। দুপক্ষের মানসিকতা একই।

# নেহরুকে এত ঘৃণা কেন? প্রশ্ন শিবসেনার

**আজকালের প্রতিবেদন**

দিল্লি, ৫ সেপ্টেম্বর

জওহরলাল নেহরুকে এত ঘৃণা করেন কেন? মোদি সরকারের উদ্দেশে এই প্রশ্ন ছুড়ে দিলেন শিবসেনা সাংসদ তথা প্রধান মুখপাত্র সঞ্জয় রাউত। শিবসেনার মুখপত্র ‘সামনা’য় তাঁর সাপ্তাহিক কলাম ‘রোখটোক’–এ সাম্প্রতিক এই বিতর্ককে সামনে এনে রাউতের বক্তব্য, ‘নেহরুর রাজনৈতিক মতাদর্শের বিরোধী হতেই পারো, কিন্তু আধুনিক ভারত গড়ায় নেহরুর অবদানকে অস্বীকার করতে পারো না।’ দেশের স্বাধীনতার ৭৫ বর্ষ উপলক্ষে ইন্ডিয়ান কাউন্সিল ফর হিস্টোরিক্যাল রিসার্চ (আইসিএইচআর) যে ভার্চুয়াল প্রদর্শনীর আয়োজন করেছে, সেখানে দেশের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে ব্রাত্য করা হয়, প্রশ্ন তুলেছেন এই শিবসেনা নেতা। বাদ দেওয়া হয়েছে দেশের প্রথম শিক্ষামন্ত্রী মৌলানা আবুল কালাম আজাদকেও। রাউতের মতে, এই ঘটনায় প্রমাণ হয় কেন্দ্রের মোদি সরকার অত্যন্ত সঙ্কীর্ণমনা। প্রতিহিংসার বশেই তারা এই কাজ করেছে বলে মনে করেন ‘সামনা’র নির্বাহী সম্পাদক সঞ্জয় রাউত। তাঁর মতে, এই ঘটনা দেশের স্বাধীনতা সংগ্রামীদের অপমান। এই শিবসেনা নেতার প্রশ্ন, ‘নেহরু কী করেছেন যার জন্য তাঁর এই অবমাননা? বস্তুত, তিনি দেশের যে সম্পদ তৈরি করে গিয়েছেন তা বেচে টাকা তোলার জন্যই মোদি সরকার ন্যাশনাল মানিটাইজেশন পাইপলাইন প্রকল্প তৈরি করেছে। তিনি লিখেছেন, ‘স্বাধীনতা সংগ্রামে যাদের কোনও অবদানই নেই সেই তারাই ভারতের স্বাধীনতার অন্যতম নায়ককে বাদ দিয়ে ইতিহাস তৈরি করতে চাইছে।’

### রাষ্ট্রপুঞ্জের হস্তক্ষেপ চাইলেন সালেহ

# পঞ্জশিরে খতম ৬০০ তালিবান দাবি করল প্রতিরোধ বাহিনী

**সংবাদ সংস্থা**

কাবুল, ৫ সেপ্টেম্বর

পঞ্জশিরে ৬০০ তালিবান জঙ্গি নিকেশ করেছে তারা। দাবি করল ন্যাশনাল রেজিস্ট্যান্স ফ্রন্ট। তবে একইসঙ্গে তারা জানিয়েছে, পঞ্জশিরে মানবিক সঙ্কট ঘনিয়েছে। তালিবান গণহত্যার চেষ্টা চালাচ্ছে। এই পরিস্থিতিতে অবিলম্বে হস্তক্ষেপের দাবি জানিয়ে রাষ্ট্রপুঞ্জকে চিঠি পাঠিয়েছেন আফগানিস্তানের রেজিস্ট্যান্স ফ্রন্টের নেতা আমরুল্লা সালেহ। এরইমধ্যে সূত্রের খবর, কাবুলে জোট সরকার গড়ার লক্ষ্যে প্রাক্তন আফগান প্রধানমন্ত্রী গুলবুদ্দিন হেকমতিয়ারের সঙ্গে বৈঠক করেছেন আইএসআইয়ের প্রধান জেনারেল ফৈজ আহমেদ।



পঞ্জশিরে প্রতিরোধ বাহিনী। ফাইল ছবি

পঞ্জশির এখনও তালিবানের অধরা। সেখানে ন্যাশনাল রেজিস্ট্যান্স ফ্রন্টের সঙ্গে তালিবানের ধুন্ধুমার লড়াই চলছে। কখনও তালিবান পঞ্জশিরের একাধিক জেলা দখলের দাবি করছে। পরক্ষণেই দাবি নস্যাৎ করে শয়ে শয়ে তালিব জঙ্গি নিকেশ করার দাবি করছে এনআরএফ। তালিবান মুখপাত্র বিলাল করিমির টুইট, ‘তালিবান পঞ্জশিরে ঢুকে পড়েছে। রাজধানী বাজারক সংলগ্ন রুখায় পুলিশের সদর দপ্তর, জেলার কার্যালয় তাদের কব্জায়। অনেককে বন্দি করা হয়েছে। গোলাবারুদ, বহু যানবাহন তালিবানের হাতে।’ রবিবারও একই দাবি করে তালিবান। দাবি নস্যাৎ করে রেজিস্ট্যান্স ফ্রন্টের মুখপাত্র ফাহিম দাস্তি টুইট করেছেন, ‘লড়াই চলছে উদয় অস্ত। পঞ্জশিরের বিভিন্ন জেলায় কমপক্ষে ৬০০ তালিবান জঙ্গি নিকেশ হয়েছে। হাজারের বেশি তালিব জঙ্গি বন্দি। অনেকে আত্মসমর্পণ করেছে। তালিবান এখন সমস্যায়। আফগানিস্তানের অন্যান্য জেলা থেকেও রসদ পাচ্ছে না।’

পঞ্জশির এবং বালখ প্রদেশের আন্দারাবের তিনটি জেলায় মানবিক সঙ্কট ঘনিয়েছে। আর্থিক সঙ্কটের পাশাপাশি বন্ধ টেলি যোগাযোগ ব্যবস্থা। এসব জানিয়ে রাষ্ট্রপুঞ্জকে চিঠি পাঠিয়েছেন সালেহ। লিখেছেন, ‘পঞ্জশিরে আড়াই লক্ষ মানুষের বাস। কাবুল–সহ আফগানিস্তানের অন্যান্য শহর তালিবান দখল করার পর হাজার হাজার মানুষ পঞ্জশিরে আশ্রয় নেন। সেখানে তালিবান গণহত্যা চালাতে মরিয়া। বিদেশিরা তালিবানের হয়ে পঞ্জশিরে লড়াই করতে আসছে। প্রতিরোধের জন্য আন্তর্জাতিক মহলকে এগিয়ে আসার অনুরোধ জানাচ্ছি। না হলে ভয়ঙ্কর বিপদ হবে। মানবাধিকার জলাঞ্জলি যাবে। মানবিক সঙ্কট এড়াতে রাজনৈতিক সমাধান খোঁজার উদ্যোগ নিক আন্তর্জাতিক মহল।’ আশ্রয়, খাবার, জল সরবরাহ ও স্বাস্থ্য পরিষেবা বজায় রাখতে রাষ্ট্রপুঞ্জ–সহ বিভিন্ন এনজিওর সাহায্য চেয়েছেন সালেহ। একইসঙ্গে দেহরক্ষীকে নির্দেশ দিয়ে রেখেছেন, ‘তালিবানের সঙ্গে লড়াই করতে গিয়ে যদি জখম হন তা হলে তাঁর মৃত্যু নিশ্চিত করতে যেন দু’বার গুলি চালানো হয়।’

এদিকে আফগানিস্তানে তালিবানের হয়ে পাকিস্তানের সেনাদের লড়াই করার প্রমাণ মিলেছে। পঞ্জশিরে নিহত এক পাক সেনার পরিচয়পত্র উদ্ধার হয়েছে। নাম মহম্মদ ওয়াসিম। যদিও পেন্টাগন সে কথা মানতে নারাজ।

# পাকিস্তানে আত্মঘাতী হানায় হত ৪ আধাসেনা

**সংবাদ সংস্থা**

ইসলামাবাদ, ৫ সেপ্টেম্বর

আফগানিস্তান সীমান্তের কাছে পাকিস্তানের কোয়েটায় আত্মঘাতী বোমা বিস্ফোরণে মৃত্যু হল ৪ জন আধাসেনার। আহত হয়েছেন আরও ২০ জন। রবিবারের ঘটনা। বিস্ফোরণের জন্য তেহরিক–এ–তালিবান পাকিস্তান (টিটিপি)–কে দায়ী করেছে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান।

বালুচিস্তান প্রদেশের কোয়েটার মাস্তুং রোড লাগোয়া মিয়া ঘুন্দি এলাকায় ফ্রন্টিয়ার কনস্টেবুলারি গার্ডস ছাউনিতে হামলার ছক কষেছিল আত্মঘাতী জঙ্গি। হাজারা শিয়া সম্প্রদায়–অধ্যুষিত এলাকা। সেখানে তাদের একটা বাজারও রয়েছে। এদিন সকালে বিস্ফোরক বোঝাই মোটরবাইক নিয়ে সেখানে ঢুকে পড়ে আত্মঘাতী জঙ্গি। বিস্ফোরণে ছিন্নভিন্ন হয়ে যায় ৩ জন আধাসেনার শরীর। আধাসেনার আরেকজন অফিসারকে হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় তাঁর। সেখানকার ডেপুটি জেনারেল অফ পুলিশ আজহার আক্রমের কথায়, ১৭ জন গার্ড ও ২–৩ জন সাধারণ মানুষ বিস্ফোরণে জখম হয়েছেন। ৩ জনের অবস্থা সঙ্কটজনক।

# বিজয়োল্লাসে গুলি চালাতে মানা তালিবানের

**সংবাদ সংস্থা**

কাবুল, ৫ সেপ্টেম্বর

বিজয়োল্লাসে শূন্যে গুলি চালাবেন না। তাতে গুলি নষ্ট হয়। নিরীহ মানুষের মৃত্যু হয়। ভাবমূর্তি ফেরাতে এমনই নির্দেশ দিল তালিবান। আমেরিকা সেনা প্রত্যাহার করে নেওয়ার পর শূন্যে গুলি চালিয়ে বিজয়োল্লাস করেছে তালিবান। গতকাল খবর ছড়ায় পঞ্জশির উপত্যকা নাকি তালিবান দখলে। খুশিতে ফেটে পড়ে তালিব জঙ্গিরা। এলোমেলো গুলি চালাতে শুরু করে। তালিবানের নিষ্ঠুর আনন্দের বলি হন ১৭ জন নিরীহ আফগানি। এরপরই অযথা শূন্যে গুলি চালানো বন্ধের নির্দেশ দেন তালিবান কর্তারা। তালিব–জঙ্গিদের উদ্দেশে টুইট করেছেন তালিবান মুখপাত্র জাবিউল্লাহ মুজাহিদ। লিখেছেন, ‘কাবুল এবং দেশের অন্য প্রান্তে ছড়িয়ে থাকা মুজাহিদিনদের বলা হচ্ছে, শূন্যে গুলি চালানো বন্ধ করুন। আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ হাতে রাখুন। এ সব নষ্ট করার অধিকার কারও নেই। অকারণে গুলি চললে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হন। সুতরাং, অপ্রয়োজনে গুলি চালাবেন না।’ যারা কাবুলে শূন্যে গুলি চালিয়েছে তাদের অস্ত্রশস্ত্র কেড়ে নিয়ে শহর ছাড়া করার কথাও শুনিয়েছেন জাবিউল্লাহ।


**BRNL**
Behtar Raaste Badhta Bharat

## ভারত রোড নেটওয়ার্ক লিমিটেড

CIN: L45203WB2006PLC112235

**রেজিস্টার্ড অফিস:** প্লট নং X1–2 ও 3, গ্রাউন্ড ফ্লোর, ব্লক– ই পি, সেক্টর–৫, সল্ট লেক সিটি, কলকাতা–৭০০০৯১

**ফোন নম্বর:** ০৩৩–৬৬০২ ৩৬০৯; **ওয়েবসাইট:** www.brnl.in ; **ই–মেল:** cs@brnl.in

### ১৪তম অ্যানুয়াল জেনারেল মিটিং এবং ই–ভোটিংয়ের তথ্য সম্পর্কিত নোটিস

**(ক) অ্যানুয়াল জেনারেল মিটিং**

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (‘এমসিএ’) ও সেবি দ্বারা জারিকৃত প্রাসঙ্গিক সার্কুলারসমূহ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে রচিত রুলসমূহ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (‘সেবি’) (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর প্রযোজ্য সংস্থানসমূহ অনুসারে কোম্পানির সদস্যদের ১৪তম অ্যানুয়াল জেনারেল মিটিং (‘এজিএম’) **বুধবার, ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ দুপুর ০২.০০টোয়** ১৪তম এজিএম আমন্ত্রণী নোটিসে নির্ধারিত কারবার নির্বাহের জন্য ভিডিও কনফারেন্সিং (‘ভিসি’)/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি (‘ওএভিএম’)–এর মাধ্যমে আয়োজিত হবে বলে স্থির হয়েছে। কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১০৩ নং ধারাধীনে কোরাম নির্ধারণে ভিসি/ওএভিএম সুবিধা ব্যবহার করে এজিএমে যোগ দেওয়া এবং ভোটদানকারী সদস্যদের বিবেচনা করা হবে।

প্রযোজ্য নিয়ামকগুলির প্রয়োজনানুসারে কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(গণ)–এর কাছে কোম্পানির যে সকল সদস্যের ই–মেল আইডি রেজিস্টার করানো আছে, তাঁদের সকলের প্রতি ১৪তম এজিএমের নোটিস এবং ২০২০–২১ অর্থবর্ষে কোম্পানির অ্যানুয়াল রিপোর্টের কপি ই–মেলের মাধ্যমে পাঠিয়ে দেওয়া হয়েছে। এই সমস্ত নথিগুলি কোম্পানির ওয়েবসাইট www.brnl.in সহ স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট অর্থাৎ, বিএসই লিমিটেডের www.bseindia.com, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের www.nseindia.com এবং কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট কেফিন টেকনোলজিস প্রাঃ লিঃ (‘কেফিনটেক’)–এর **https://evoting.karvy.com** ওয়েবসাইটেও উপলব্ধ রয়েছে।

এজিএমের নোটিসে উল্লিখিত যাবতীয় দরকারি নথিসমূহ এবং কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১০২ নং ধারাধীনে বিবৃতি এজিএমের নোটিস পাঠানোর তারিখ থেকে এজিএমের তারিখ পর্যন্ত কোম্পানির সদস্যরা কোনও ফি প্রদান না করেই ইলেকট্রনিক উপায়ে যাচাই করে নিতে পারেন। এই নথিগুলি যাচাইয়ে আগ্রহী সদস্যরা **cs@brnl.in** আইডি–তে ই–মেল পাঠিয়ে দেবেন।

**(খ) ই–ভোটিং সম্পর্কিত নির্দেশাবলি:**

‘তালিকাভুক্ত কোম্পানিগুলি দ্বারা প্রদত্ত ই–ভোটিংয়ের সুবিধা’ বিষয়ক কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪–এর রুল ২০ এবং সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৪৪ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১০৮ নং ধারার সংস্থানসমূহ অনুসারে, এজিএমের নোটিসে নির্ধারিত কারবারের ওপর সদস্যরা রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে দূরবর্তী স্থান থেকে নিজেদের ভোট দেওয়ার সুযোগ পাবেন। এজিএম চলাকালীনও কেফিনটেক–এর দেওয়া ভোটিং পরিষেবার সাহায্যে ইলেকট্রনিক ভোটিং সিস্টেমের মাধ্যমে (ইনস্টা পোল) ভোটদানের সুবিধা পাওয়া যাবে।

ভোটদান প্রক্রিয়াটির কার্যকারিতা বাড়ানোর লক্ষ্যে ‘তালিকাভুক্ত কোম্পানিগুলি দ্বারা প্রদত্ত ই–ভোটিংয়ের সুবিধা’ বিষয়ক এবং ৯ ডিসেম্বর, ২০২০ তারিখ সংবলিত সেবি সার্কুলার অনুযায়ী ডিম্যাট রূপে সিকিউরিটি ধরে রাখা একক শেয়ারধারকগণ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টগণের কাছে রক্ষণাবেক্ষণকৃত তাঁদের ডিম্যাট অ্যাকাউন্ট কিংবা ডিপোজিটরিগণের ওয়েবসাইটের মাধ্যমে সিঙ্গল লগ–ইন ক্রেডেনশিয়াল ব্যবহার করে নিজেদের ভোট দিতে পারবেন। ই–ভোটিং সুবিধায় অংশ নেওয়ার জন্য নিজ নিজ ডিম্যাট অ্যাকাউন্টে তাঁদের মোবাইল নম্বর ও ই–মেল আইডি আপডেট করিয়ে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। লগ–ইন করা এবং রিমোট ই–ভোটিংয়ের সুবিধা নেওয়ার পদ্ধতি এজিএমের নোটিসে দ্রষ্টব্য অংশের অধীনে বিশদে উল্লেখ করা আছে।

ফিজিক্যাল রূপে শেয়ার ধরে রাখা একক শেয়ারধারকগণ এবং ব্যক্তি নয় এমন শেয়ারধারক সত্তাগুলি এজিএমের নোটিসে দ্রষ্টব্য অংশের অধীনে বিশদে উল্লেখ করা পদ্ধতি অনুসরণে রিমোট ই–ভোটিংয়ে অংশ নিতে পারবেন।

রিমোট ই–ভোটিংয়ের লগ–ইন ক্রেডেনশিয়ালসই ভিসি/ওএভিএমের মাধ্যমে এজিএমে অংশ নেওয়ার সময় ব্যবহার করতে হবে।

রিমোট ই–ভোটিংয়ের সুবিধা পাওয়া যাবে নিম্নলিখিত সময়সীমার মধ্যে:

**রিমোট ই–ভোটিং শুরু হবে:** শনিবার, ২৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখ সকাল ৯.০০টায়।

**রিমোট ই–ভোটিং শেষ হবে:** মঙ্গলবার, ২৮ সেপ্টেম্বর, ২০২১ তারিখ বিকেল ৫.০০টায়।

ওপরে লেখা নির্ধারিত তারিখ ও সময়সীমার বাইরে রিমোট ই–ভোটিংয়ের অনুমতি দেওয়া হবে না এবং এই মেয়াদ অতিক্রান্ত হওয়ার সঙ্গে সঙ্গে কেফিনটেক দ্বারা এই রিমোট ই–ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে।

নির্ধারিত কাট–অফ তারিখের নিরিখে সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিদের কাছে রাখা সুবিধাভোগী স্বত্বাধিকারীদের রেজিস্টারে যে ব্যক্তির নাম থাকবে, কেবলমাত্র তিনিই রিমোট ই–ভোটিং অথবা ১৪তম এজিএম চলাকালীন ভোটদানের সুবিধা পাওয়ার উপযুক্ত বলে বিবেচিত হবেন। নির্ধারিত কাট–অফ তারিখের ভিত্তিতে সদস্য নন এমন ব্যক্তি এই নোটিসটি কেবলমাত্র তথ্য জানার জন্য বিবেচনা করবেন।

এজিএমের নোটিস পাঠানোর পরে কিন্তু নির্ধারিত কাট–অফ তারিখ অর্থাৎ, বুধবার, ২২ সেপ্টেম্বর, ২০২১ বা তার আগে কোনও ব্যক্তি কোম্পানির সদস্য হলে তিনি (পুং/স্ত্রী) নীচে উল্লেখ করা পদক্ষেপগুলি অনুসরণ করে ইউজার আইডি এবং পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবেন:

(১) ফোলিও নম্বর/ডিপি আইডি ক্লায়েন্ট আইডি অনুযায়ী কোনও সদস্যের মোবাইল নম্বর রেজিস্টার্ড থাকলে ওই সদস্য ৯২১২৯৯৩৩৯৯ নম্বরে এসএমএস পাঠাবেন এগুলি লিখে: MYEPWD <স্পেস> ই–ভোটিং ইভেন্ট নম্বর + ডিপি আইডি ক্লায়েন্ট আইডি।
NSDL–এর ক্ষেত্রে উদাহরণ: MYEPWD <স্পেস> IN12345612345678
CDSL–এর ক্ষেত্রে উদাহরণ: MYEPWD <স্পেস> 1402345612345678
ফিজিক্যাল–এর ক্ষেত্রে উদাহরণ: MYEPWD <স্পেস> XXXX1234567890

(২) ফোলিও নম্বর/ডিপি আইডি ক্লায়েন্ট আইডি অনুযায়ী কোনও সদস্যের ই–মেল আইডি বা মোবাইল নম্বর রেজিস্টার্ড না–থাকলে, ওই সদস্য https://evoting.karvy.com–এর হোম পেজে গিয়ে ‘Forgot Password’ বোতামে ক্লিক করবেন এবং ফোলিও নম্বর বা ডিপি আইডি ক্লায়েন্ট আইডি এবং প্যান উল্লেখের মাধ্যমে পাসওয়ার্ড তৈরি করে নেবেন।

(৩) সংশ্লিষ্ট সদস্য কেফিনটেক–এর ১৮০০–৩৪৫৪–০০১ টোল ফ্রি নম্বরেও যোগাযোগ করতে পারেন।

(৪) সংশ্লিষ্ট সদস্য evoting@karvy.com আইডি–তে ই–মেলের মাধ্যমে অনুরোধ জানাতে পারেন। অবশ্য, যাঁদের ই–মেল আইডি উপলব্ধ রয়েছে, কেফিনটেক কেবলমাত্র সেই সমস্ত নতুন সদস্যদেরই ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাঠানোর চেষ্টা করবে।

**(গ) ই–মেল আইডি রেজিস্টার/আপডেটের উপায়**

ফিজিক্যাল রূপে শেয়ার ধরে রাখা যে সকল সদস্য নিজের ই–মেল আইডি রেজিস্টার/আপডেট করাননি, তাঁদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে, কোম্পানির ই–মেল আইডি cs@brnl.in এবং/বা কেফিনটেক–এর ই–মেল আইডি einward.ris@kfintech.com–তে ফোলিও নম্বর এবং যে ই–মেল আইডি–টি রেজিস্টার করতে হবে, সেগুলি উল্লেখ করে যথাযথভাবে স্বাক্ষরিত অনুরোধপত্র পাঠিয়ে এটি রেজিস্টার/আপডেট করিয়ে নিন। নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে (যেখানে নিজের ডিম্যাট অ্যাকাউন্ট রক্ষণাবেক্ষণ হয়) নিজের ই–মেল আইডি রেজিস্টার/আপডেট করিয়ে নেওয়ার জন্য ডিমেটিরিয়ালাইজড রূপে শেয়ার ধরে রাখা সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

ইলেকট্রনিক উপায়ে ভোটদান সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে এবং/বা অভিযোগ জানানোর জন্য সদস্যরা **https://evoting.kfintech.com** এর ডাউনলোড সেকশনে দেওয়া ‘Help & Frequently Asked Questions (FAQs) and E-voting user manual’ অংশটি দেখতে পারেন অথবা এখানে যোগাযোগ করতে পারেন: মিঃ মহম্মদ মহসিন উদ্দিন, সিনিয়র ম্যানেজার (ইউনিট: ভারত রোড নেটওয়ার্ক লিমিটেড), কেফিন টেকনোলজিস প্রাঃ লিঃ, সেলেনিয়াম টাওয়ার ‘বি’, প্লট ৩১–৩২, গাচ্চিবৌলি, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, নানাক্রমগুড়া, হায়দরাবাদ–৫০০০৩২ অথবা ই–মেল আইডি: evoting@karvy.com অথবা ১–৮০০–৩০৯–৪০০১ টোল ফ্রি নম্বরে কথা বলতে পারেন।

ভারত রোড নেটওয়ার্ক লিমিটেড–এর পক্ষে
স্বাঃ–
নরেশ মাথুর
কোম্পানি সেক্রেটারি
FCS: 4796

স্থান: কলকাতা
তারিখ: ৪ সেপ্টেম্বর, ২০২১